

শামসুর রাহমান

আদনান সৈয়দ

পদ্মা,মেঘনা যতদিন এই বাংলায় বহমান
তুমি রইবে আমাদের সাথে চীরকাল
হে শামসুর রাহমান ।
হরি দাসীর সিঁথির সিঁদুর মুছে গিয়েছে সেই কবে
সবুজ-শ্যামল বাংলা মায়ের চোখে আজ দুঃখের অশ্রু
জঙ্গিদের উলঙ্গ নৃত্যে ছাপ্পন্ন হাজার মাইল কাবু
বাংলার শ্যামল সবুজ পথে জলপাই রংএর ট্যাঙ্ক নেই
কিন্তু রাজাকার হায়ানাদের রাজত্ব আজ বাংলার বুকে
জানি, অনেক অভিমান নিয়ে, বাংলার এই পচন দেখে
চলে গেলে একে একে হুমায়ুন, তুমি আরো অনেকে
হয়ত আঘাতে আঘাতে বেদনায় নীল হয়ে ।
কিন্তু হে কবি, চেয়ে দেখ তাকিয়ে
তমস এই অন্ধকার কাটিয়ে
সুদীপ্ত আলোর ছটা উঁকি দিচ্ছে বাংলার সবুজ আঁচলে
তোমারই বন্দনা করছে আজ এই ব্যস্ত ফুটপাথ,
উদ্যোগ গায়ে কোন এক কৃষক তার ক্ষয়ে যাওয়া কাপ্তেটি
হাতে নিয়ে ইস্পাত শপথে তাকিয়ে আছে সোনালী স্বপ্ন দেখবে বলে!
ফেরীওয়াল, সাংবাদিক, ছাত্র, কেরানী, অবুঝ গৃহিনী
হোমরা-চোমরা আমলা, বাংলার ধুলো-মাটি সব
শুধু আজ তোমার গানই গাইছে হাজারো কর্ণস্বরে ।
তুমি বেঁচে থাকবে চীরকাল এই বাংলায়
নজরুলের বাবড়ি দোলানো চুলে
রবি ঠাকুরের রচনাবলীর প্রতিটি শব্দের সজীব ভাঙারে
অথবা তুমি ফিরে আসবে বার বার এই বাংলার প্রান্তরে
জীবনানন্দ দাশের কবিতার মাঝে
বাংলার কোন শালিকের রূপ ধরে ।
তিরিশ লক্ষ শহীদের রক্তের সাথে মিশে
তুমিও রইবে চীরকাল আমাদের মাঝে
হে শামসুর রাহমান ।
(নিউইয়র্ক)

